# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

## প্রধান কার্যালয়

১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি (মোহাম্মদপুর), ঢাকা-১২০৭।

ফোনঃ ০২-৫৮১৫২৯২২, ০২-৫৮১৫২৯২৩, ই-মেইলঃ dkibbd@gmail.com, ওয়েবঃ-www.dkib.org


### ২৭/০৪/২০১৮ইং তারিখে অনুষ্ঠিত ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির জরুরী সভার কার্যবিবরণীঃ

অদ্য ২৭/০৪/২০১৮ইং শুক্রবার সকাল ১০.০০ ঘটিকায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভা ১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি (মোহাম্মদপুর), ঢাকায় ডিকেআইবি ভবনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব এ টি এম আবুল কাশেম, সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এবং সভা পরিচালনা করেন আলহাজ্ব মোঃ আব্দুর রাশেদ খান, মহাসচিব, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ।

সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন জনাব মোঃ আবুল কাশেম, সহ-সাংগঠনিক সম্পাদক, পবিত্র গীতা পাঠ করেন বাবু নারায়ন চন্দ্র নাথ, সহ-সাংগঠনিক সম্পাদক, পবিত্র ত্রিপিঠক পাঠ করেন বাবু শান্তিময় চাকমা, সহ-সাংগঠনিক সম্পাদক।

ডিকেআইবির সাবেক সভাপতি জনাব মোঃ জিয়াউল হায়দার পালশ এর মাতা, প্রচার,প্রকাশনা ও তথ্য বিষয়ক সম্পাদক জনাব মোঃ মোখলেছুর রহমান এর স্ত্রী, গোলাম হোসেন, এসএএও(অবঃ), মিরপুর, কুষ্টিয়া এবং শ্রীমতি প্রীতিকনা বিশ্বাস, এসএএও, মাগুরা সদরসহ গত সভার পর হতে যারা মৃত্যু বরণ করেছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করা হয় এবং আলহাজ্ব মোঃ আব্দুর রাশেদ খান, মহাসচিব, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ সহ যে সকল ডিপ্লোমা কৃষিবিদ অসুস্থ আছেন তাদের সুস্থতা কামনা করে দোয়া পরিচালনা করেন মোঃ আবুল কাশেম, সহ-সাংগঠনিক সম্পাদক, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভাপতি সাহেব তার স্বাগত বক্তব্যে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ভিশন-২০২১ ও ২০৪১এর তাৎপর্য্য ও উন্নয়ন সম্পর্কে আলোকপাত করেন এবং স্ব স্ব অবস্থান থেকে কৃষি ও কৃষকের উন্নয়নে আরও নিবিড়ভাবে কাজ করার পাশাপাশি দুর্নীতি প্রতিরোধে কার্যকর ভূমিকা রেখে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশ পালন করার আহবান জানান।

গত ২৬/০৪/২০১৮ইং তারিখ কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মহোদয়ের সভাপতিত্বে ডিপ্লোমা কৃষিবিদদের ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নের জন্য আহুত পর্যালোচনা মূলক সভায় অর্থের চাহিদা নিরুপনসহ অন্যান্য বিষয়ে ফলপ্রসু আলোচনা হয়েছে বিধায় অত্র সভার পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করেন। গত ০৬/০৪/২০১৮ইং কেন্দ্রীয় নির্বাহী কমিটি ও ০৭/০৪/২০১৮ইং তারিখে জাতীয় কমিটির সভায় ঘোষিত কর্মসূচী ২৬/০৪/২০১৮ইং তারিখ পর্যন্ত স্থগিতের কারণ ব্যাখ্যা করে বিস্তারিত বক্তব্য প্রদান করেন।

দেশের বিভিন্ন স্থানে মাঠে বিরজমান বোরো ফসল ব্যাপক হারে ব্লাস্ট সংক্রমন হওয়ায় কৃষকদের পাশে থেকে সার্বক্ষনিক সহযোগীতা করার জন্য সকল উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের প্রতি আহবান জানান।

কতিপয় কৃষিবিদ কর্তৃক মাঠ পর্যায়ে কৃত দুর্নীতি, উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদেরকে উদ্দেশ্যমূলক ও হয়রানিমূলক বদলীর অপচেষ্টা এবং কৃষিবিদ প্রশাসনের ষড়যন্ত্রের বিরুদ্ধে সতর্ক অবস্থানসহ যে কোন পরিস্থিতি মোকাবেলার জন্য সকল সদস্যকে প্রস্তুত থাকার আহবান জানান। অতঃপর মহাসচিব সাহেবকে আজকের সভার আলোচ্যসূচীর উপর আলোচনা করার আহবান জানান।

মহাসচিব সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় মাঠ পর্যায়ে কতিপয় দুর্নীতিবাজ কৃষিবিদ কর্মকর্তার দুর্নীতি ও ষড়যন্ত্র মোকাবেলার জন্য সকলকে ঐক্যবদ্ধ ও সজাগ থাকার আহবান জানান। গত সভার পর হতে অদ্যাবদি যে সকল সাংগঠনিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং অদ্যকার সভার আলোচ্যসূচীর উপর সংক্ষিপ্ত বিবরণ প্রদান করেন।

গত ০৬/০৪/২০১৮ইং তারিখের কেন্দ্রীয় নির্বাহী কমিটির রেজুলেশন সভায় উপস্থাপনের পর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সভায় আলোচ্যসূচীর উপর আলোচনা ও পর্যালোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হলোঃ-

<u>সিদ্ধান্ত-০১</u>ঃ (ক) ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নের লক্ষ্যে বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রীসভা কমিটির সভাটি পুনরায় আহবান করে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা বাস্তবায়নের জন্য মাননীয় অর্থমন্ত্রী মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হলো। এই কাজে আরও দ্রুত অগ্রগতির জন্য বিভিন্ন দপ্তর, মন্ত্রণালয় ও সচিবালয়ের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

(খ) গত ২৫/০৩/১৮ইং তারিখে মাননীয় প্রধানমন্ত্রী মহোদয়ের অর্থ বিষয়ক উপদেষ্টা জনাব ড. মসিউর রহমান সাহেবের সভাপতিত্বে অনুষ্ঠিত ডিপ্লোমা কৃষিবিদদের ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়ন সংক্রান্ত সভার সুপারিশসহ কার্যবিবরণী অর্থ মন্ত্রণালয়ে পৌঁছায় সন্তোষ প্রকাশ করা হয়।

(গ) গত ২৬/০৪/২০১৮ইং তারিখ কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মহোদয়ের সভাপতিত্বে ডিপ্লোমা কৃষিবিদদের ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নের জন্য আহুত পর্যালোচনা মূলক সভায় অর্থের চাহিদা নিরুপনসহ অন্যান্য বিষয়ে ফলপ্রসু আলোচনা করা হয়েছে বিধায় অত্র সভার পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

<u>সিদ্ধান্ত-০২</u>ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ একটি পেশাজীবী অরাজনৈতিক সংগঠন। কৃষকদের আর্থ সামাজিক উন্নয়নে কৃষকদের পাশে থেকে মাঠে ময়দানে সার্বক্ষনিক কাজ করে যাচ্ছেন ডিপ্লোমা কৃষিবিদগণ। তাদের অক্লান্ত পরিশ্রমে দেশ আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। ডিপ্লোমা কৃষিবিদদের প্রাণের সংগঠন ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর প্রধান কার্যালয় ১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি (মোহাম্মদপুর), ঢাকা নিয়ে কতিপয় কৃষিবিদের যেকোন ষড়যন্ত্র মোকাবেলা করার জন্য সকল ডিপ্লোমা কৃষিবিদদেরকে প্রস্তুত থাকার আহবান জানানো হয়।

<u>সিদ্ধান্ত-০৩</u>ঃ মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে দেশ যখন এগিয়ে যাচ্ছে, ঠিক সে সময় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কতিপয় অসৎ ও দুর্নীতিবাজ সরকারী কর্মকর্তা/কর্মচারীর দুর্নীতির কারণে তা বাধাগ্রস্থ হচ্ছে ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

কলঙ্কিত হচ্ছে। যা মোটেই কাম্য নয়। কতিপয় দুর্নীবাজ কৃষিবিদ কর্মকর্তা বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী প্লট বাস্তবায়নে এবং কৃষকদের প্রদানের জন্য বরাদ্দকৃত অর্থের ভাংতি বিবরণী/পরিচ্ছন্নপত্র প্রদান না করে তথ্য গোপন করে বরাদ্দকৃত অর্থ আত্মসাৎ করে কৃষি উন্নয়নে বাধাগ্রস্থ করছেন। যা মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২০২১ ও ২০৪১ কে বাধাগ্রস্থ করছে বলে অত্র সভা মনে করে।

সিদ্ধান্ত-০৪ঃ কৃষি মন্ত্রণালয়াধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশাসনকে স্বচ্ছ, দক্ষ ও নিরপেক্ষ করে পক্ষপাতহীন আচরণ, ন্যায়বিচার এবং জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে মহাপরিচালক (ডিজি) পদে প্রশাসন ক্যাডারের মহাপরিচালক নিয়োগের জন্য পুনরায় জোর দাবি জানানো হলো। এ বিষয়ে মাননীয় কৃষিমন্ত্রী ও মাননীয় প্রধানমন্ত্রী মহোদয়ের সদয় হস্তক্ষেপ কামনা করা হলো।

সিদ্ধান্ত-০৫ঃ (ক) ডিপ্লোমা কৃষিবিদদের ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নসহ অন্যান্য ন্যায্য দাবী বাস্তবায়নে ও কতিপয় দুর্নীতিবাজ কৃষিবিদ কর্মকর্তাদের দুর্নীতি প্রতিরোধ করে মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২০২১ ও ২০৪১ বাস্তবায়ন এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রশাসন ক্যাডারের মহাপরিচালক নিয়োগের দাবীতে ২৬/০৪/১৮ইং তারিখ পর্যন্ত স্থগিতকৃত কর্মসূচী মাঠ পর্যায় থেকে পালন করার জন্য পুনরায় নিম্নরুপ কর্মসূচী প্রদান করা হলোঃ-

| ক্রঃ নং | কর্মসূচী | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | মাননীয় প্রধানমন্ত্রী সমীপে স্বারকলিপি পেশ। মাধ্যম জেলা প্রশাসক। | ১০/০৫/২০১৮ থেকে ৩০/০৫/২০১৮ এর মধ্যে | জেলা কমিটি |
| ০২ | মাননীয় প্রধানমন্ত্রী সমীপে স্বারকলিপি পেশ। মাধ্যম উপজেলা নির্বাহী অফিসার। | | উপজেলা কমিটি |
| ০৩ | মাননীয় সংসদ সদস্য সমীপে স্বারকলিপি পেশ। স্ব-স্ব সংসদীয় এলাকা। | | জেলা ও উপজেলা কমিটি |
| ০৪ | মাননীয় জেলা প্রশাসক সমীপে স্মারকলিপি পেশ। | | জেলা কমিটি |

(খ) কৃষকদের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রেখে ঘোষিত শান্তিপূর্ণ কর্মসূচী বাস্তবায়নের জন্য ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর জেলা ও উপজেলা/ইউনিট/ সংস্থার সহিত যোগাযোগ রক্ষা, পরামর্শ ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করার জন্য নিম্নবর্ণিত নেতৃবৃন্দকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলোঃ

| ক্রঃ নং | অঞ্চল/সংস্থার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম | সাংগঠনিক পদবী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ঢাকা | মোঃ আলফাজ উদ্দিন | যুগ্ম-মহাসচিব | |
| | | মোঃ আমজাদ হোসেন | সহ-সাংগঠনিক সম্পাদক | |
| ০২ | ময়মনসিংহ | মোঃ আব্দুল আজিজ | সহ-সভাপতি | |
| | | মোঃ আবুল কালাম খান | সাহিত্য, সংস্কৃতি ও ক্রীড়া বিষয়ক সম্পাদক | |
| ০৩ | কুমিল্লা | মোঃ মোখলেছুর রহমান | প্রচার,প্রকাশনা ও তথ্য বিষয়ক সম্পাদক | |
| | | মোঃ অলিউর রহমান | সহ-সাংগঠনিক সম্পাদক | |
| ০৪ | সিলেট | বাবু নারায়ন চন্দ্র নাথ | সহ-সাংগঠনিক সম্পাদক | |
| ০৫ | চট্টগ্রাম | এস এম আব্দুল মালেক | সহ-সভাপতি | |
| | | মোঃ আবুল বাসার | সহ-সাংগঠনিক সম্পাদক | |
| ০৬ | পার্বত্য | বাবু দ্বিপায়ন বড়ুয়া | সহ-সভাপতি | |
| | | বাবু শান্তিময় চাকমা | সহ-সাংগঠনিক সম্পাদক | |
| ০৭ | রাজশাহী | মোঃ নাজিম উদ্দিন | সহ-সভাপতি | |
| ০৮ | বগুড়া | মোঃ নাজিম উদ্দিন | সহ-সভাপতি | |
| | | মোঃ নজরুল ইসলাম | গবেষণা,প্রযুক্তি ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক | |
| ০৯ | রংপুর | শেখ শহীদ মোহাম্মদ আব্বাছ | সাংগঠনিক সম্পাদক | |
| ১০ | দিনাজপুর | মোঃ এহসান উল্লাহ | সহ-সভাপতি | |
| ১১ | যশোর | আলাউদ্দিন আহম্মেদ | সহ-সভাপতি | |
| ১২ | খুলনা | আলাউদ্দিন আহম্মেদ | সহ-সভাপতি | |
| ১৩ | বরিশাল | মোঃ রফিকুল আলম মিলন | সহ-সাংগঠনিক সম্পাদক | |
| ১৪ | ফরিদপুর | একেএম জহুরুল হক মিয়া | সহ-সভাপতি | |
| | | মোঃ রফিকুল আলম মিলন | সহ-সাংগঠনিক সম্পাদক | |
| ১৫ | সংস্থা | ফকির মোহাম্মদ বেলায়েত | সহ-সভাপতি | |
| | | সোহেল মোহাম্মদ সোহান | সহ-সাংগঠনিক সম্পাদক | |

সিদ্ধান্ত-০৬ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সাংগঠনিক কার্যক্রমকে দক্ষ, গতিশীল ও সুচারুরূপে পরিচালনা করে ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নসহ অন্যান্য ন্যায্য অধিকার সমূহ বাস্তবায়নের নিমিত্তে ডিকেআইবির কেন্দ্রীয় নির্বাহী কমিটির নিম্নবর্ণিত ০৫ সদস্যের সমন্বয়ে তাৎক্ষনিক নীতি নির্ধারন ও পরামর্শক কমিটি গঠন করা হলোঃ

| ক্রঃ নং | নাম | সাংগঠনিক পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব আলাউদ্দিন আহমেদ | সহ-সভাপতি | |
| ০২ | জনাব মোঃ নাজিম উদ্দিন | সহ-সভাপতি | |

| ক্রঃ নং | নাম | সাংগঠনিক পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০৩ | জনাব মোঃ আলফাজ উদ্দিন | যুগ্ম-মহাসচিব | |
| ০৪ | জনাব শেখ শহীদ মোহাম্মদ আব্বাছ | সাংগঠনিক সম্পাদক | |
| ০৫ | মোঃ আবুল কালাম খান | সাহিত্য, সংস্কৃতি ও ক্রীড়া বিষয়ক সম্পাদক | |

সিদ্ধান্ত-০৭ঃ বাবু দ্বিপায়ন বড়ুয়া, সহ-সভাপতি, কেন্দ্রীয় নির্বাহী কমিটি এবং উপ-সহকারী উদ্যান কর্মকর্তা, হর্টিকালচার সেন্টার, বনরূপা,রাঙ্গামাটি এর স্ত্রী ঢাকায় সরকারী চাকুরীতে কর্মরত থাকায় এবং সাংগঠনিক কারণে ঢাকায় বদলী করা প্রয়োজন বিধায় মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৮ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর গাজীপুর জেলা শাখার ১৩/০৪/১৮ইং তারিখের রেজুলেশনের ৪নং সিদ্ধান্ত মোতাবেক এবং সভাপতি ও সাধারন সম্পাদক এর সুপারিশের প্রেক্ষিতে নিম্ন বর্ণিত ০৩(তিন) জন সদস্যকে গঠনতন্ত্রের ৬.২ ধারা অনুযায়ী সাময়িক বরখাস্ত অনুমোদন করা হলোঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | রেজাউল আলম, উপ-সহকারী কৃষি কর্মকর্তা | উপজেলা কৃষি অফিস, কাপাসিয়া, গাজীপুর | |
| ০২ | মোহাম্মদ গোলাম মোস্তফা, উপ-সহকারী কৃষি কর্মকর্তা | উপজেলা কৃষি অফিস, কালীগঞ্জ, গাজীপুর | |
| ০৩ | মঞ্জুশ্রী মন্ডল, উপ-সহকারী কৃষি কর্মকর্তা | উপজেলা কৃষি অফিস, গাজীপুর সদর, গাজীপুর | |

সিদ্ধান্ত-০৯ঃ (ক) গত ০৬/০৪/২০১৮খ্রিঃ থেকে ২৬/০৪/২০১৮খ্রিঃ ................................................................................... .
...................................................................................................... ।

(খ) আগামী কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভায় ভাউচার উপস্থাপনের পূর্বে মোঃ এহসান উল্লাহ, সহ-সভাপতি এবং বাবু নারায়ন চন্দ্র নাথ, সহ-সাংগঠনিক সম্পাদক কেন্দ্রীয় নির্বাহী কমিটি কর্তৃক ভাউচার যাচাই বাছাইপূর্বক সুপারিশ সহকারে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) ডিকেআইবি এর কল্যাণ তহবিলে ০৬/০৪/২০১৮খ্রিঃ থেকে ২৬/০৪/২০১৮খ্রিঃ ...................................................... .
...................................................................................................... ।

পরিশেষে সভাপতি সাহেব উপস্থিত সকল নেতৃবৃন্দকে সংগঠনের বৃহত্তর স্বার্থে পারস্পরিক সৌহার্দ ও সম্প্রীতি বজায় রেখে বিভাগীয় ও সাংগঠনিক কার্যক্রমকে ত্বরান্বিত করার লক্ষ্যে অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক হওয়ার অনুরোধ করে কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের উদাত্ত আহবান জানান এবং উপস্থিত নেতৃবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-এ টি এম আবুল কাশেম
সভাপতি
২৭/০৪/২০১৮খ্রিঃ

স্মারক নং- ডিকেআইবি/ কে স- তারিখঃ ২৮/০৪/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১. মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৩. মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৪. মাননীয় প্রধানমন্ত্রীর অর্থ বিষয়ক উপদেষ্টা, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৫. মাননীয় প্রতি মন্ত্রী, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৬. মাননীয় সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০৭. মাননীয় মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৮. মাননীয় সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৯. মাননীয় সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মাননীয় মহা-পরিচালক, কৃষি সম্প্রসারন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১১. মাননীয় মহাপরিচালক, বি,এ,আর,আই/বি,আর,আর,আই, জয়দেবপুর, গাজীপুর।
১২. মাননীয় মহাপরিচালক, বি.জে.আর.আই.মানিক মিয়া এভিনিউ,ঢাকা/বিনা,ময়মনসিংহ/বি.এস.আর.আই.ঈশ্বরদী,পাবনা ।
১৩. মাননীয় নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা।
১৪. মাননীয় পরিচালক, ............................................................................... ।
১৫. মাননীয় বিভাগীয় কমিশনার, ........................................................ ।
১৬. মাননীয় অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ............... অঞ্চল/ মাননীয় অধ্যক্ষ, এটিআই, .................. ।
১৭. মাননীয় উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ..................................... জেলা।
১৮. সভাপতি/মহাসচিব, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ।
১৯. ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল কর্মকর্তাবৃন্দ।
২০. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ........................ জেলা শাখা
২১. জনাব ............................................................................................ ।

২৮/০৪/২০১৮

(আলহাজ্ব মোঃ আব্দুর রাশেদ খান)
মহাসচিব
মোবাইলঃ ০১৮১৯-৭২৪৭৫৭